



# ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত রাজনীতি ও ধূমপানমুক্ত)  
ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা - ১২১৬। ফোন : ৮০২৩৩৩৮  
ওয়েবসাইট : www.dcc.edu.bd

স্মারক নং:

তারিখ: ৩০/৪/২০১৬

## শোক সংবাদ

ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডি'র সদস্য, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও শুভানুধ্যায়ীদেরকে অত্যন্ত দুঃখের সাথে জানানো যাচ্ছে যে, অদ্য ৩০/০৪/২০১৬ তারিখ দুপুর ২:১০টায় ঢাকা কমার্স কলেজের প্রতিষ্ঠালগ্ন থেকে গভর্নিং বডি'র অন্যতম সদস্য প্রফেসর মোঃ আলী আজম ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত। মরহুমের নামাজে জানাজা অদ্য বাদ আছর বিকেল ৫:৩০টায় রূপনগর আবাসিক এলাকায় অবস্থিত বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস অ্যান্ড টেকনোলজি (বিইউবিটি) ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। উক্ত নামাজে জানাজায় অংশগ্রহণের জন্য সকলকে অনুরোধ করা হলো।

মরহুম প্রফেসর মোঃ আলী আজম বাংলাদেশের বাণিজ্য শিক্ষার একজন অন্যতম শ্রেষ্ঠ কারিগর, যিনি দেশের কয়েকটি খ্যাতনামা সরকারি কলেজের অধ্যক্ষ ছিলেন। এছাড়া তিনি জাতীয় শিক্ষাক্রম ও টেক্সটবুক বোর্ডের চেয়ারম্যানের গুরু দায়িত্ব পালনকালীন জাতিকে দিয়েছেন কর্মমুখী শিক্ষার নতুন ধ্যান-ধারণা ও দিক নির্দেশনা। আমরা তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি। মহান আল্লাহ্ তাঁকে জান্নাতবাসী করুন। আমীন।

ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডি'র সদস্য, শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের পক্ষে-

  
অধ্যক্ষ

ঢাকা কমার্স কলেজ